**Example no: 25-45**

**BCS Oditi Online Class (01904-433500)**

# Translation from Bangla to English

## Practice Sheet-4 (Based on note 1-10)

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (উদাহরণ নং ১০৫-১২৬)

**1.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (১৭ই মার্চ ১৯২০–১৫ই আগস্ট ১৯৭৫) ছিলেন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি ও দক্ষিণ এশিয়ার অন্যতম প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্ব। ***(follow note 2)***

**2.** তিনি ভারত বিভাজন আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং পরবর্তীকালে স্বাধীন দেশ হিসেবে বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামে কেন্দ্রীয়ভাবে নেতৃত্ব প্রদান করেন। ***(follow note 1/2)***

**3.** শুরুতে তিনি আওয়ামী লীগের সভাপতি, এরপর বাংলাদেশের প্রধানমন্ত্রী এবং পরবর্তীকালে বাংলাদেশের রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন।

**4.** ১৯৬৯ খ্রিষ্টাব্দের ২৩শে ফেব্রুয়ারি তৎকালীন কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহ্‌রাওয়ার্দী উদ্যান) আয়োজিত সম্মেলনে লক্ষ মানুষের উপস্থিতিতে তদানীন্তন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ শেখ মুজিবকে ”বঙ্গবন্ধু„ উপাধিতে ভূষিত করেন। ***(follow note 2/9)***

**5.** আ. স. ম. আবদুর রব ১৯৭১ খ্রিষ্টাব্দের ৩রা মার্চ শেখ মুজিবুর রহমানকে জাতির জনক হিসেবে উল্লেখ করেন। পরবর্তীকালে ২০১১ খ্রিষ্টাব্দে সংবিধানের পঞ্চদশ সংশোধনী অনুযায়ী তাকে সাংবিধানিকভাবে বাংলাদেশের ”জাতির পিতা„ হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।

**6.** ১৯৭১ খ্রিষ্টাব্দের ৫ই এপ্রিল মার্কিন যুক্তরাষ্ট্রের নিউজউইক পত্রিকা শেখ মুজিবুর রহমানকে “রাজনীতির কবি” বলে আখ্যায়িত করে লিখে, “তিনি লক্ষ লক্ষ মানুষকে আকর্ষণ করতে পারেন এবং আবেগময় বাগ্মিতায় তাঁদের সম্মোহিত করে রাখতে পারেন।”

7. কিউবার নেতা ফিদেল কাস্ত্রো ১৯৭৩ খ্রিষ্টাব্দের জোট-নিরপেক্ষ সম্মেলনে শেখ মুজিবের ব্যক্তিত্বকে হিমালয় পর্বতমালার সাথে তুলনা করে বলেন:

"আমি হিমালয় দেখিনি তবে আমি মুজিবকে দেখেছি। ব্যক্তিত্ব ও সাহসিকতায় তিনি হিমালয়ের মতো।"

8. বিশ্ব শান্তি পরিষদ শেখ মুজিবুর রহমানকে জুলিও ক্যুরি শান্তি পুরস্কারে ভূষিত করে। ১৯৭৩ খ্রিষ্টাব্দের ২৩শে মে ঢাকায় অনুষ্ঠিত এশীয় শান্তি ও নিরাপত্তা সম্মেলনের দ্বিতীয় দিন বিশ্ব শান্তি পরিষদের তৎকালীন মহাসচিব রমেশ চন্দ্র তার হাতে এই পুরস্কার তুলে দেন। এটি বাংলাদেশের পক্ষে প্রথম আন্তর্জাতিক পদক। ***(follow note 9)***

9. ২০০৪ খ্রিষ্টাব্দে বিবিসি বাংলা,র পক্ষ থেকে সারা বিশ্বে পরিচালিত জরিপে শেখ মুজিবুর রহমানকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি হিসেবে নির্বাচিত করা হয়। ***(follow note 8)***

10. ২০১৭ খ্রিষ্টাব্দের ৩০শে অক্টোবর ইউনেস্কো শেখ মুজিবের ৭ই মার্চের ভাষণকে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের অংশ হিসেবে স্বীকৃতি দেয়।

11. ২০১৯ খ্রিষ্টাব্দের ১৬ই আগস্ট জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন আয়োজিত জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে কূটনীতিকেরা তাকে `বিশ্ব বন্ধু, (ফ্রেন্ড অব দ্য ওয়ার্ল্ড) হিসেবে আখ্যা দেয়। ***(follow note 2/9)***

12. শেখ মুজিব দুই খণ্ডে তার আত্মজীবনী লিখেছিলেন, যেখানে তিনি স্বীয় রাজনৈতিক দৃষ্টিভঙ্গি ব্যক্ত করার পাশাপাশি নিজের ব্যক্তিগত জীবনেরও বর্ণনা দিয়েছেন।

13. এছাড়াও তিনি তার চীন ভ্রমণের অভিজ্ঞতাও লিখে রেখেছিলেন।

14. এইসব রচনা তার মৃত্যুর পর তদ্বীয় তনয়া শেখ হাসিনা গ্রন্থাকারে প্রকাশ করেন।

15. তার রচিত বইগুলোর রচনাশৈলীতে সাহিত্যের গুণগতমান খুঁজে পাওয়ায় তাকে লেখক হিসেবেও আখ্যায়িত করা হয়।

**16.** শেখ মুজিবুর রহমান তার রাজনৈতিক প্রচারণায় যে কোট পরতেন, সেটিকে মুজিব কোট নামে ডাকা হয় এবং আওয়ামী লীগ ও সমমনা দলের রাজনীতিবিদগণ আনুষ্ঠানিকভাবে মুজিব কোট পরিধান করে থাকেন। ***(follow note 10)***

**17.** ২০১৬ খ্রিষ্টাব্দে ডিজিটাল আইন-২০১৬ মোতাবেক যে-কোনো ইলেকট্রনিক মাধ্যমে মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের চেতনা, আদালত কর্তৃক মুক্তিযুদ্ধ সংক্রান্ত মীমাংসিত কোনো বিষয় এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে নেতিবাচক প্রচারণা বা প্রোপাগান্ডা চালালে বা অবমাননা করলে সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ড, এক কোটি টাকা জরিমানা বা উভয় দণ্ড দেয়া হবে। ***(follow note 9)***

**18.** বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রধান নেতা শেখ মুজিবুর রহমানকে নিয়ে অসংখ্য ফিকশন ও নন-ফিকশন বই, পুস্তিকা, প্রবন্ধ-নিবন্ধ প্রকাশিত হয়েছে। তার কন্যা শেখ হাসিনা রচনা করেছেন ”শেখ মুজিব আমার পিতা”। তাকে ঘিরে স্মৃতিচারণামূলক বইয়ের মধ্যে উল্লেখযোগ্য হলো– এ বি এম মূসার বই ’মুজিব ভাই’, বেবী মওদুদ রচিত ’বঙ্গবন্ধু শেখ মুজিব ও তাঁর পরিবার’।

**19.** ২০১৮ খ্রিষ্টাব্দের ৩০শে ডিসেম্বর বাংলাদেশের প্রধানমন্ত্রী ও শেখ মুজিবের কন্যা শেখ হাসিনা আওয়ামী লীগের কেন্দ্রীয় বৈঠকে ২০২০-২১ খ্রিষ্টাব্দকে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে শেখ মুজিবের জন্মশতবার্ষিকী পালনের জন্য মুজিব বর্ষ হিসেবে ঘোষণা করেন। ***(follow note 2/9)***

**20.** ২০২০ খ্রিষ্টাব্দের ১৭ই মার্চ থেকে ২০২১ খ্রিষ্টাব্দের ২৬শে মার্চ পর্যন্ত এ বর্ষ উদযাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছিল।

**21.** কিন্তু করোনাভাইরাসের মহামারির কারণে অধিকাংশ কর্মসূচি নির্ধারিত সময়ে সম্পাদিত না হওয়ায় মুজিব বর্ষের সময়সীমা ২০২১ খ্রিষ্টাব্দের ১৬ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়। ***(follow note 2/9)***

**22.** ইউনেস্কোর ১৯৫টি সদস্য দেশে এই মুজিব বর্ষ পালন করা হয়।

# Sample Solution (নমুনা সমাধান)

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

1. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান** (১৭ই মার্চ ১৯২০–১৫ই আগস্ট ১৯৭৫) **ছিলেন** বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি ও দক্ষিণ এশিয়ার অন্যতম প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্ব।

   **Bangabandhu Sheikh Mujibur Rahman (17 March 1920–15 August 1975) was the first/maiden President of Bangladesh and one of the most influential political figures in South Asia.**

2. **তিনি** ভারত বিভাজন আন্দোলনে সক্রিয়ভাবে **অংশগ্রহণ করেন** এবং পরবর্তীকালে স্বাধীন দেশ হিসেবে বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামে কেন্দ্রীয়ভাবে **নেতৃত্ব প্রদান করেন।**

   **He actively participated/ took part in the *India Partition Movement* and later (he) led centrally in the struggle for the establishment of Bangladesh as an independent country.**

3. শুরুতে **তিনি** আওয়ামী লীগের সভাপতি, এরপর বাংলাদেশের প্রধানমন্ত্রী এবং পরবর্তীকালে বাংলাদেশের রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন।

   **Firstly, he was the President of the Awami League, then the Prime Minister of Bangladesh and later served as the President of Bangladesh.**

4. ১৯৬৯ খ্রিষ্টাব্দের ২৩শে ফেব্রুয়ারি তৎকালীন কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহ্‌রাওয়ার্দী উদ্যান) আয়োজিত সম্মেলনে লক্ষ মানুষের উপস্থিতিতে **তদানীন্তন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ** শেখ মুজিবকে ”বঙ্গবন্ধু„ উপাধিতে **ভূষিত করেন।**

**In the conference organized by the then Central Student Struggle Council on February 23, 1969 at Race Course Maidan (now Suhrawardy Udyan) in Dhaka, the then Dacsu VP Tofail Ahmed awarded/conferred/crowned the title "Bangabandhu" on Sheikh Mujib in the presence of millions of people.**

**5.** **আ. স. ম. আবদুর রব** ১৯৭১ খ্রিষ্টাব্দের ৩রা মার্চ শেখ মুজিবুর রহমানকে জাতির জনক হিসেবে উল্লেখ করেন। পরবর্তীকালে ২০১১ খ্রিষ্টাব্দে সংবিধানের পঞ্চদশ সংশোধনী অনুযায়ী **তাকে সাংবিধানিকভাবে** বাংলাদেশের ”জাতির পিতা„ হিসেবে **স্বীকৃতি দেয়া হয়েছে।**

**A. S. M. Abdur Rab referred to/ mentioned Sheikh Mujibur Rahman as the father of the nation on March 3, 1971. Later, he was constitutionally recognized as the "Father of the Nation" of Bangladesh under the Fifteenth Amendment to the Constitution in 2011.**

**6.** ১৯৭১ খ্রিষ্টাব্দের ৫ই এপ্রিল **মার্কিন যুক্তরাষ্ট্রের নিউজউইক পত্রিকা** শেখ মুজিবুর রহমানকে “রাজনীতির কবি” বলে **আখ্যায়িত করে** লিখে, “তিনি লক্ষ লক্ষ মানুষকে আকর্ষণ করতে পারেন এবং আবেগময় বাগ্মিতায় তাঁদের সম্মোহিত করে রাখতে পারেন।” ***(আমি বাক্যটিকে compound sentence-এ রূপান্তর করে অনুবাদটি করেছি। তুমি চাইলে নোট-৫ তথা present participle অনুসরণ করে simple-এও করতে পারো)***

**On April 5, 1971, American newspaper *Newsweek* entitled/called Sheikh Mujibur Rahman a "poet of politics" and wrote, "He can attract millions of people, and mesmerize/ influence/ impress/ charm them with his emotional speech/ eloquence/ expression."**

**7.** **কিউবার নেতা ফিদেল কাস্ত্রো** ১৯৭৩ খ্রিষ্টাব্দের জোট-নিরপেক্ষ সম্মেলনে শেখ মুজিবের ব্যক্তিত্বকে হিমালয় পর্বতমালার সাথে **তুলনা করে** বলেন:

“আমি হিমালয় দেখিনি তবে আমি মুজিবকে দেখেছি। ব্যক্তিত্ব ও সাহসিকতায় তিনি হিমালয়ের মতো।”

**Cuban leader Fidel Castro compared Sheikh Mujib's personality to the Himalayas at the 1973 Non-Aligned Movement and said:** *(আমি এ অংশটুকু compound-এ রূপান্তর করে অনুবাদ করেছি। তুমি চাইলে নোট-৫ তথা present participle অনুসরণ করে simple-এও করতে পারো)*

**"I have not seen the Himalayas but I have seen Mujib. He is like the Himalayas in personality and courage."**

**8.** **বিশ্ব শান্তি পরিষদ** শেখ মুজিবুর রহমানকে জুলিও ক্যুরি শান্তি পুরস্কারে **ভূষিত করে।** ১৯৭৩ খ্রিষ্টাব্দের ২৩শে মে ঢাকায় অনুষ্ঠিত এশীয় শান্তি ও নিরাপত্তা সম্মেলনের দ্বিতীয় দিন বিশ্ব শান্তি পরিষদের তৎকালীন মহাসচিব রমেশ চন্দ্র তার হাতে এই পুরস্কার তুলে দেন। এটি বাংলাদেশের পক্ষে প্রথম আন্তর্জাতিক পদক।

**The World Peace Council awarded Sheikh Mujibur Rahman the Julio Curie Peace Prize. Ramesh Chandra, the then Secretary General of the World Peace Council, presented him the award on the second day of the Asian Peace and Security Conference held in Dhaka on 23 May 1973. This is the first international medal for Bangladesh.**

**9.** ২০০৪ খ্রিষ্টাব্দে বিবিসি বাংলা,র পক্ষ থেকে সারা বিশ্বে পরিচালিত জরিপে শেখ মুজিবুর রহমানকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি হিসেবে নির্বাচিত করা হয়।

**In 2004, Sheikh Mujibur Rahman was voted/ elected the greatest Bengali of all time in a worldwide poll/ survey conducted by BBC Bangla.**

**10.** ২০১৭ খ্রিষ্টাব্দের ৩০শে অক্টোবর ইউনেস্কো শেখ মুজিবের ৭ই মার্চের ভাষণকে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের অংশ হিসেবে স্বীকৃতি দেয়।

**On October 30, 2017, UNESCO recognized Sheikh Mujib's speech on March 7 as part of the World Heritage List.**

**11.** ২০১৯ খ্রিষ্টাব্দের ১৬ই আগস্ট জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন আয়োজিত জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে কূটনীতিকেরা তাকে `বিশ্ব বন্ধু, (ফ্রেন্ড অব দ্য ওয়ার্ল্ড) হিসেবে আখ্যা দেয়।

**On the occasion of the National Mourning Day organized by the Bangladesh Permanent Mission to the United Nations on 16 August 2019, the diplomats called him a 'friend of the world'.**

**12.** শেখ মুজিব দুই খণ্ডে তার আত্মজীবনী লিখেছিলেন, যেখানে তিনি স্বীয় রাজনৈতিক দৃষ্টিভঙ্গি ব্যক্ত করার পাশাপাশি নিজের ব্যক্তিগত জীবনেরও বর্ণনা দিয়েছেন।

**Sheikh Mujib wrote his autobiography in two volumes/ books, in which he expressed his political views as well as his personal life.**

**13.** এছাড়াও তিনি তার চীন ভ্রমণের অভিজ্ঞতাও লিখে রেখেছিলেন।

**He also wrote about his travel experiences in China.**

**14.** এইসব রচনা তার মৃত্যুর পর তদ্বীয় তনয়া শেখ হাসিনা গ্রন্থাকারে প্রকাশ করেন।

**These works were published by his daughter Sheikh Hasina after his death.** ***(চাইলে Active Voice-এও করতে পারো)***

**15.** তার রচিত বইগুলোর রচনাশৈলীতে সাহিত্যের গুণগতমান খুঁজে পাওয়ায় তাকে লেখক হিসেবেও **আখ্যায়িত করা হয়।**

**Since the quality of literature is found in the style of writing of his books, he is also called/ marked as a writer.**

**16.** শেখ মুজিবুর রহমান তার রাজনৈতিক প্রচারণায় যে কোট পরতেন, সেটিকে মুজিব কোট নামে ডাকা হয় এবং আওয়ামী লীগ ও সমমনা দলের রাজনীতিবিদগণ আনুষ্ঠানিকভাবে মুজিব কোট পরিধান করে থাকেন। *(Note-10)*

**The coat that Sheikh Mujibur Rahman used to put on/ wear in his political campaigns is called Mujib Coat and politicians of Awami League and the same-minded parties officially wear Mujib coat.** ***(See note-10)***

**17.** ২০১৬ খ্রিষ্টাব্দে ডিজিটাল আইন-২০১৬ মোতাবেক যে-কোনো ইলেকট্রনিক মাধ্যমে মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের চেতনা, আদালত কর্তৃক মুক্তিযুদ্ধ সংক্রান্ত মীমাংসিত কোনো বিষয় এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে নেতিবাচক প্রচারণা বা প্রোপাগান্ডা চালালে বা অবমাননা করলে **সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ড, এক কোটি টাকা জরিমানা বা উভয় দণ্ড দেয়া হবে।**

**In 2016, according to the Digital Act-2016, the maximum life imprisonment or one crore taka or both will be given for any defamation (insult) or propaganda or negative campaign against the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and any issue related to the Liberation War resolved by the court, the spirit of the Liberation War, and the Liberation War by any electronic means.** ***(Note-9)***

**18.** বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রধান নেতা শেখ মুজিবুর রহমানকে নিয়ে অসংখ্য ফিকশন ও নন-ফিকশন বই, পুস্তিকা, প্রবন্ধ-নিবন্ধ **প্রকাশিত হয়েছে**। তার কন্যা শেখ হাসিনা রচনা করেছেন "শেখ মুজিব আমার পিতা"। তাকে ঘিরে স্মৃতিচারণামূলক বইয়ের মধ্যে উল্লেখযোগ্য হলো– এ বি এম মূসার বই 'মুজিব ভাই', বেবী মওদুদ রচিত 'বঙ্গবন্ধু শেখ মুজিব ও তাঁর পরিবার'।

**Numerous fiction and non-fiction books, pamphlets and articles have been published about Sheikh Mujibur Rahman, the main leader of the freedom struggle of Bangladesh. His daughter Sheikh Hasina wrote "Sheikh Mujib is my father".**

**Notable memoirs/books surrounding/about him are ABM Musa's book 'Mujib Bhai' and Baby Moudud's 'Bangabandhu Sheikh Mujib and His Family'.**

**19.** ২০১৮ খ্রিষ্টাব্দের ৩০শে ডিসেম্বর **বাংলাদেশের প্রধানমন্ত্রী ও শেখ মুজিবের কন্যা শেখ হাসিনা** আওয়ামী লীগের কেন্দ্রীয় বৈঠকে ২০২০-২১ খ্রিষ্টাব্দকে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে শেখ মুজিবের জন্মশতবার্ষিকী পালনের জন্য মুজিব বর্ষ হিসেবে **ঘোষণা করেন**।

**On 30 December 2016, Sheikh Hasina, the Prime Minister of Bangladesh and daughter of Sheikh Mujib, declared the year 2020-21 as the year of Mujib to mark/celebrate the birth centenary of Sheikh Mujib on behalf of the Government of Bangladesh at the central meeting of the Awami League.**

**20.** ২০২০ খ্রিষ্টাব্দের ১৭ই মার্চ থেকে ২০২১ খ্রিষ্টাব্দের ২৬শে মার্চ পর্যন্ত এ বর্ষ উদযাপন করার পরিকল্পনা **নেওয়া হয়েছিল**।

**It was planned to celebrate that year from March 17, 2020 to March 26, 2021.**

**21.** কিন্তু করোনাভাইরাসের মহামারির কারণে **অধিকাংশ কর্মসূচি** নির্ধারিত সময়ে **সম্পাদিত না হওয়ায়** মুজিব বর্ষের সময়সীমা ২০২১ খ্রিষ্টাব্দের ১৬ ডিসেম্বর পর্যন্ত **বাড়ানো হয়**। *(আমি বাক্যটিকে compound -এ রূপান্তর করে অনুবাদ করেছি।*

**But due to the coronavirus epidemic, most of the programs were not accomplished on time, so the deadline for Mujib's year was extended to December 16, 2021.**

**22.** ইউনেস্কোর ১৯৫টি সদস্য দেশে **এই মুজিব বর্ষ** **পালন করা হয়**।

**This Mujib Year is celebrated in 195 member countries of UNESCO.**